

স্বাস্থ্য সতর্কতা

কিছু ভোগ্যপণ্যে সীসা, পারদ ও আর্সেনিক থাকে।

সীসা, পারদ ও আর্সেনিক হল ক্ষতিকারক ধাতু, যার ফলে গুরুতর স্বাস্থ্য সমস্যা হতে পারে, বিশেষ করে শিশু ও গর্ভবতী মহিলাদের। কিছু স্বাস্থ্য প্রতিকার ও সম্পূরক, খাদ্য ও খাদ্য নয় এমন সব বস্তুতে এই ধরনের ধাতু প্রচুর পরিমাণে থাকে, এমন কি পণ্য লেবেলে উল্লেখ না থাকলেও। আপনি যত এইসব পণ্য ব্যবহার করবেন তত আপনার স্বাস্থ্য ঝুঁকির মুখে পড়বে।

স্বাস্থ্য প্রতিকার

কিছু স্বাস্থ্য প্রতিকার, সম্পূরক ও ভারত, চীন এবং অন্যান্য দেশের আয়ুর্বেদিক ওষুধে খুব বেশি **সীসা, পারদ ও আর্সেনিক** থাকে।

এইসব পণ্য তৈরি করা হতে পারে বা হাতে তৈরি করা হতে পারে এবং প্রেসক্রাইব করা হতে পারে বা মার্কিন যুক্তরাষ্ট্রে ও অন্যান্য দেশে বিনা প্রেসক্রিপশনে কেনা হয়ে থাকতে পারে।



খাদ্য

বাংলাদেশ, জর্জিয়া ও অন্যান্য দেশ থেকে কেনা মশলায় বেশি পরিমাণে **সীসা** থাকতে পারে।

ক্যান্ডি, সল্ট স্ন্যাকস মিক্স ও মেক্সিকোর অন্যান্য স্ন্যাকসের যেগুলোতে লঙ্কা ও হলুদের মন্ড ব্যবহার করা হয় সেগুলোতে **সীসা** থাকতে পারে।



কসমেটিক্স ও ধর্মীয় পাউডার

আফ্রিকা, এশিয়া এবং মধ্য প্রাচ্যে তৈরি হওয়া কাজল, সুর্মা ও টিরোতে অনেক বেশি পরিমাণে **সীসা** থাকে। এইসব পণ্য প্রাথমিকভাবে আইলাইনার হিসেবে ব্যবহার করা হয়।

হিন্দু ধর্মে ব্যবহৃত হয় সিঁদুর নামক এক ধরনের পাউডার যা ভারত থেকে আসে, তাতে উচ্চ পরিমাণ **সীসা** থাকতে পারে।

দূষিত কসমেটিক্স বা ধর্মীয় পাউডার স্পর্শ করার পর সীসা হাতে লেগে যেতে পারে। এইসব বস্তুগুলি স্পর্শ করে হাত মুখে ঢোকানো হলে তখন সীসা পেটে চলে যেতে পারে। বিশেষ করে শিশুদের ঝুঁকি থাকে কারণ তারা প্রায়ই মুখে হাত চুকিয়ে ফেলে। কিছু সীসা চোখের মাধ্যমেও শোষিত হতে পারে।

খাবারে কসমেটিক্স ও ধর্মীয় পাউডার কখনই ব্যবহার করা উচিত নয়।



মাটির পাত্র ও ডিস

মেক্সিকো, চীন ও অন্যান্য দেশের ঐতিহ্যময় মাটির পাত্র ও ডিস (সিরামিকের পাত্র) সাজানোর জন্য ব্যবহৃত গ্লেজ ও রঙে সীসা থাকতে পারে।

এই ঐতিহ্যময় সিরামিকের পাত্রে তৈরি করা, রাখা বা পরিবেশন করা খাদ্য ও পানীয়তে সীসা যেতে পারে।



গহনা, খেলনা, কবচ এবং অলঙ্কার

গহনার ও খেলনার ধাতু অংশ হিসাবে ও রঙে এইসব জিনিস ব্যবহার করা হয়। এগুলোতে বেশি পরিমাণে সীসা থাকতে পারে।

বাংলাদেশ, কম্বোডিয়া এবং অন্যান্য দেশের কবচ ও অলঙ্কারে সীসা থাকতে পারে।

যখন এইসব বস্তুগুলি মুখে ঢোকানো হয় তখন সীসা পেটে চলে যেতে পারে। বিশেষ করে শিশুদের ঝুঁকি থাকে কারণ তারা প্রায়ই মুখে এইসব বস্তু চুকিয়ে ফেলে। সাধারণত পারদ স্বকের মাধ্যমে শোষিত হয় না।



স্বক উজ্জ্বল করার সাবান ও ক্রীম

ডোমিনিকান রিপাবলিক, চীন এবং অন্যান্য দেশের স্বক উজ্জ্বল করার সাবান ও ক্রীমে পারদ থাকতে পারে, যা সহজে স্বকের মাধ্যমে শোষিত হয়।

যদি পারদ উপাদান হিসেবে লেখা থাকে অথবা যদি উপাদানের তালিকা না লেখা থাকে তাহলে এইসব জিনিস ব্যবহার করবেন না।



আপনি এইসব বা অনুরূপ পণ্য ব্যবহার করে থাকলে কি করবেন



সেগুলো ব্যবহার করা থামান



সীসা ও অন্যান্য ক্ষতিকর ও বিষাক্ত ধাতুর জন্য আপনাকে পরীক্ষা করতে আপনার ডাক্তারকে বলুন



নির্দিষ্ট তালিকাভুক্ত পণ্য এড়িয়ে চলতে 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/hazardousproducts দেখুন